ISO 9001:2015 Certified

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

মহিপাল, ফেনী

নম্বর ২৭.১২.৩০২৯.৫১৬.০১.০০৮.২২.২৭৯

তারিখ: ২ মাঘ ১৪২৮

১৬ জানুয়ারি ২০২২

'পূনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি'

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত মোটর সাইকেল সমূহ ''যেখানে যে অবস্থায় আছে'' ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/এজেন্সীর এর নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	**বিবরণ**	পরিমান	উদ্ধৃত একক মুল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	হোন্ডা মোটর সাইকেল ১২৫ সিসি (পাকিস্তান) রেজিঃ নং-ফেনী-হ-১১-৪০৩৭	০১ টি		
০২	হোন্ডা মোটর সাইকেল ১২৫ সিসি (পাকিস্তান) রেজিঃ নং-ফেনী-হ-১১-৩৭৭১	০১ টি		
০৩	হোন্ডা মোটর সাইকেল ১২৫ সিসি (পাকিস্তান) রেজিঃ নং-ফেনী-হ-১১-৪৫৫২	০১ টি		
০৪	হোন্ডা মোটর সাইকেল ১২৫ সিসি (পাকিস্তান) রেজিঃ নং-ফেনী-হ-১১-৩১৩২	০১ টি		
০৫	হোন্ডা মোটর সাইকেল ১২৫ সিসি (পাকিস্তান) রেজিঃ নং-ফেনী-হ-১১-৩৯০৫	০১ টি		

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ আগামী ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী অথবা পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড- এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। খামের উপরে ''নিলাম বিক্রয়যোগ্য মালামাল ক্রয়ের দরপত্র'' লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

০২। নিলাম দরপত্রে উল্লেখিত ক্রম নম্বর অনুযায়ী আলাদা আলাদাভাবে দর উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। মালামালের নাম, একক দর, দরদাতার নাম-ঠিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।

০৩। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ আগামী ২৭/০১/২০২২ খ্রিঃ বেলা ১২:০৫ ঘটিকায় ফেনী পবিস সদর দপ্তরে (মহিপাল, ফেনী) এবং পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। প্রতিটি ক্রয়ের মালামালের পৃথক পৃথক সর্বোচ্চ একক দর অনুযায়ী মূল্যায়ন করা হবে।

০৫। দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীল ব্যাংক হতে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির অনুকুলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া প্রদত্ত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।

০৬। উল্লেখিত যানবাহন সমুহ অফিস চলাকালীন সময়ে পবিস এর প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন করা যাবে।

০৭। সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর যানবাহন হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর ৫% (পাঁচ শতাংশ) উৎস কর এবং ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) মূল্য সংযোজন কর (ভ্যাট) নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে ফেনী পবিসের অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত যানবাহন সমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৮। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের নিচে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৯। শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১০। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭-১-২০২২

মোঃ আখতার হোসেন
জেনারেল ম্যানেজার
ফোন: ০১৭৬৯৪০০০২৯
ইমেইল: fenipbs84@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ((বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।

৪) পুলিশ সুপার, ফেনী।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ---------- পবিস/ ১/২/৩/৪ ।

৬) উপজেলা নির্বাহী কর্মকর্তা –সদর/ সোনাগাজী /ছাগলনাইয়া/ফুলগাজী /দাগনভুইয়া/পরশুরাম উপজেলা, ফেনী।

৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফেনী।

৮) ডেপুটি জেনারেল ম্যানেজার (ছাগলনাইয়া/ফুলগাজী/দাগনভূঞা/সোনাগাজী/পরশুরাম) জোনাল অফিস, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি।

৯) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি।

১০) সহকারী প্রকৌশলী, বাপবিবো, ফেনী ।

১১) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১২) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), আইটি বিভাগ , ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি (ওয়েব সাইডে প্রকাশের নিমিত্ত)।